দৈনিক ইত্তেফাক
প্রতিষ্ঠাতা তফাজ্জল হোসেন মানিক মিয়া
শুক্রবার
৩০ শ্রাবণ ১৪৩৩, ১৪ আগস্ট ২০২৬

বাংলাদেশ বিজ্ঞান একাডেমির ফেলো নির্বাচিত হলেন অধ্যাপক ড. মামুন মোল্লা



গণিত, কম্পিউটেশনাল ফ্লুইড ডায়নামিকস ও হাই-পারফরম্যান্স কম্পিউটিং গবেষণায় গুরুত্বপূর্ণ অবদানের স্বীকৃতি হিসেবে গতকাল বৃহস্পতিবার নর্থ সাউথ ইউনিভার্সিটির (এনএসইউ) গণিত ও পদার্থবিজ্ঞান বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. মো. মামুন মোল্লা বাংলাদেশ বিজ্ঞান একাডেমির (বিএএস) ফেলো নির্বাচিত হয়েছেন।

অধ্যাপক মামুন মোল্লা ২০১১ সালের সেপ্টেম্বরে নর্থ সাউথ ইউনিভার্সিটিতে যোগ দেন। তিনি বিশ্ববিদ্যালয়ের স্কুল অব ইঞ্জিনিয়ারিং অ্যান্ড ফিজিক্যাল সায়েন্সেসের (এসইপিএস) রিসার্চ কো-অর্ডিনেটর ছিলেন। বর্তমানে তিনি কম্পিউটেশনাল ফ্লুইড ডায়নামিকস (সিএফডি) ও হাই-পারফরম্যান্স কম্পিউটিং (এইচপিসি) গবেষণা দলের নেতৃত্ব দিচ্ছেন। অধ্যাপক ড. মামুন মোল্লা ২০১৯ সালে বাংলাদেশ বিজ্ঞান একাডেমির অ্যাসোসিয়েট ফেলো নির্বাচিত হন। —প্রেস বিজ্ঞপ্তি

North South University Library ★1992★